দৈনিক বাংলা

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৩

136

# বুয়েট ক্যাম্পাসে গোলাগুলি ঃ ছাত্র ধর্মঘট

বুয়েট রিপোর্টার ঃ রোববার রাতেও বুয়েট ক্যাম্পাসে গোলাগুলি হয়েছে। রাত আটটার দিকে ক্যাম্পাসে কমপক্ষে ৫ রাউণ্ড গুলি ও বেশকিছু সংখ্যক ককটেল বিস্ফোরিত হয়। ইউকসু নির্বাচনে একটি ছাত্র সংগঠনের প্যানেল নিয়ে গত বৃহস্পতিবার থেকে ক্যাম্পাসে এই গোলাগুলি চলছে।

এদিকে বুয়েট ক্যাম্পাসে গোলাগুলির

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## বুয়েট ক্যাম্পাসে

( প্রথম পাতার পর )

ঘটনা ও শিক্ষার পরিবেশ নষ্ট করার প্রতিবাদে রোববার বুয়েটে ছাত্র ধর্মঘট পালিত হয়। ছাত্র ইউনিয়ন, ছাত্র লীগ (ম-ই) ও ছাত্রলীগ (জাসদ) পৃথক পৃথকভাবে এই ধর্মঘটের ডাক দেয়।

আগামী ২৬ নবেম্বর অনুষ্ঠেয় নির্বাচনে ছাত্র ইউনিয়ন তাদের অরূপ-টিটো-ফোরকান প্যানেল ঘোষণা করেছে। ছাত্রদল ও ছাত্রলীগ (জাসদ) আগেই তাদের প্যানেল ঘোষণা করেছে। ছাত্রদলের প্যানেল হচ্ছে তৌহিদ-টুটুল-নিপুন এবং জাসদ ছাত্রলীগের প্যানেল হচ্ছে মামুন-মাসুদ-হাসিব। ছাত্রলীগ (ম-ই) এখনও পর্যন্ত তাদের প্যানেল ঘোষণা করেনি। আজ ১৬ নবেম্বর মনোনয়নপত্র দাখিলের শেষ দিন।

### অটোভ্যাকেশন

সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে ধর্মঘটের পাশাপাশি রোববার থেকে বুয়েটের ১ম বর্ষের ছাত্র-ছাত্রীরা এক সপ্তাহের অটোভ্যাকেশন শুরু করেছে। ১ম বর্ষের ছাত্রদের সাথে কথা বললে জানা যায়, পড়ার চাপ বেশী হওয়া এবং তাৎক্ষণিক ক্লাসটেস্টের কারণে তারা অটোভ্যাকেশন নিচ্ছে। সন্ত্রাসী ঘটনার সাথে এই অটোভ্যাকেশনের কোন সম্পর্ক নাই বলে তারা জানায়। উল্লেখ্য নতুন কোর্স পদ্ধতির শিক্ষা ব্যবস্থা চালু হওয়ার পর তাৎক্ষণিক ক্লাসটেস্ট নেয়া হচ্ছে। এছাড়া তাৎক্ষণিক ক্লাসটেস্টের সংখ্যাও অত্যধিক বলে ছাত্ররা জানায়।

এদিকে সপ্তাহব্যাপী অটোভ্যাকেশনের সমর্থনে শনিবার রাতে অনুষ্ঠিত মিছিল ও ক্যাম্পাসে পোস্টারের প্রেক্ষিতে এক বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অটোভ্যাকেশনকে নতুন প্রবর্তিত কোর্স পদ্ধতির জন্য ক্ষতিকর বলে উল্লেখ করেন। বিজ্ঞপ্তিতে সোমবার হতে ক্লাসে যোগদানের মাধ্যমে নিজেদেরকে ক্ষতিগ্রস্ত হওয়ার হাত থেকে বাঁচানোর জন্য ১ম বর্ষের ছাত্র-ছাত্রীদের পরামর্শ দেয়া হয়।